



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারি আবাসন পরিদপ্তর  
প্রশাসন শাখা



সরকারি আবাসন পরিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ পরিচালক
সভার তারিখ	২৯-১২-২০২০ খ্রিঃ।
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	দপ্তরের সভাকক্ষ।
উপস্থিতি	সংযুক্তি-ক

সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সময় এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য গঠিত কমিটির দৃষ্টি আকর্ষণ করেন এবং সভার সদস্য-সচিবকে “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭” উপস্থাপনের অনুরোধ জানান। উক্ত নীতিমালার ক্রমিক ৩ এ বর্ণিত পুরস্কার প্রদানের জন্য ক্ষেত্র সমূহ বর্ণনা এবং ক্রমিক নং ৪ এ বর্ণিত মূল্যায়ন পদ্ধতি এবং ক্রমিক ৫ এ বর্ণিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ অনুসরণ পূর্বক সরকারি আবাসন পরিদপ্তর এবং আওতাধীন জেলা কার্যালয়ের চট্টগ্রামের কর্মকর্তা ও কর্মচারীর তালিকা উপস্থাপনের অনুরোধ করেন।

#### আলোচনার বিষয়সমূহঃ

সরকারি আবাসন পরিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রধান কার্যালয়ের ১ থেকে ১০ গ্রেডের একজন কর্মকর্তা এবং ১১ থেকে ২০ গ্রেডের একজন কর্মচারী; এবং অনুরূপভাবে আওতাধীন জেলা কার্যালয়ের গ্রেড-৪ থেকে গ্রেড ১০ ভুক্ত একজন কর্মকর্তা এবং গ্রেড-১১ থেকে গ্রেড-১০ভুক্ত একজন একজন কর্মচারীকে মনোনয়ন প্রদানের জন্য আলোচনা হয়।

জেলা কার্যালয় চট্টগ্রামের গ্রেড-১১ থেকে গ্রেড ২০ভুক্ত একজন কর্মচারী কে এ সংক্রান্ত বিধি অনুসরণপূর্বক একজন কর্মচারী কে মনোনয়নের জন্য জেলা কার্যালয় চট্টগ্রামের উপপরিচালক কে অনুরোধ করা হয়।

“শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭”-এর ক্রমিক ৩ এ বর্ণিত পুরস্কার প্রদানের জন্য ক্ষেত্রসমূহ, ক্রমিক নং ৪-এ বর্ণিত মূল্যায়ন পদ্ধতি এবং ক্রমিক ৫ এ বর্ণিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ অনুসরণ পূর্বক এ দপ্তরের গ্রেড ১- থেকে গ্রেড ১০ ভুক্ত একজন কর্মকর্তা জনাব মোঃ বুলবুল হাছান, সহকারী পরিচালক এবং গ্রেড-১১ থেকে গ্রেড ২০ ভুক্ত একজন কর্মচারী জনাব ফজলুল হক, সহকারী হিসাবরক্ষক সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হয়ে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত হন।

অপরদিকে জেলা কার্যালয় চট্টগ্রামের গ্রেড-৩ থেকে গ্রেড ১০ভুক্ত কর্মকর্তার (উপ-পরিচালক) নির্ধারিত সূচকে ৮০ নম্বর অর্জিত না হওয়ায় তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত হননি। একইসাথে উক্ত কার্যালয়ের উপ-পরিচালক কর্তৃক প্রেরিত গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত ৩ জন কর্মচারীদের কেউ সরকারি আবাসন পরিদপ্তরের জেলা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার পুরস্কারে বিবেচিত হওয়ার জন্য নির্ধারিত সূচকে ৮০ নম্বর অর্জন না করায় কাউকে মনোনয়ন প্রদান করা সম্ভব

হয়নি।

সভার আর কোন কার্যক্রম না থাকায় পরিচালক মহোদয় এ দপ্তরের বাছাই কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে নীতিমালা অনুযায়ী পুরস্কার প্রাপ্তগণের অনুকূলে আদেশ জারীর নির্দেশনা দিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
পরিচালক

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০৩.০০১.১৯.২৩১

তারিখ: ২৫ পৌষ ১৪২৭

০৯ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, সরকারি আবাসন পরিদপ্তর
- ২) উপ পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৩) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৪) অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর



মাসুদুল আলম  
সহকারী পরিচালক